

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৬৭
খোয়াই, ১২ ডিসেম্বর, ২০২৩

গৌরনগর পঞ্চায়েতের রাধামাধব নাট মন্দিরে রাসলীলা উৎসব

মনিপুরী রাসলীলা উদযাপন কমিটির উদ্যোগে এবং খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহযোগিতায় সম্প্রতি গৌরনগর পঞ্চায়েতের রাধামাধব নাট মন্দিরে ৫০ তম রাসলীলা উৎসব অনুষ্ঠিত হয়। রাসলীলা উৎসবের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। তিনি বলেন, সরকার রাজ্যের প্রতিটি জাতি গোষ্ঠীর কৃষ্টি ও সংস্কৃতির উন্নয়নে কাজ করছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজসেবী সঞ্জীব দেববর্মা, খোয়াই কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানী ড. সুরেশ চন্দ্র বিশ্বাস, খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বণিক, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা এবং গৌরনগর ও সমতল পদাবিল গ্রাম পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধান প্রমুখ। সভাপতিত্ব করেন গৌরনগর রাসলীলা উদযাপন কমিটির সভাপতি বীর সিংহ। রাসলীলা উৎসবে বিভিন্ন মহকুমা ও বহিঃরাজ্যের শিল্পীগণ রাসলীলা প্রদর্শন করেন।
